

AD(A)  
২২/০৫/২০২৩  
২২/০৫/২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
পরিকল্পনা শাখা-১  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ৩২.০০.০০০০.০৬০.১৪.০০৪. (অংশ-৩)১৬- ৯৭  
তারিখঃ

প্রেরক: কিসমত জাহান ফেরদৌসি  
উপসচিব  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

প্রাপক: প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

ডায়েরী নং	২০২৩	তারিখ	২২/০৫/২০২৩
ডিপিডি (প্রশাঃ ও অর্থ)	<input type="checkbox"/>		
ডিপিডি (ট্রেনিং ও মনিঃ)	<input type="checkbox"/>		
ওয়েব এ্যাডমিনিস্ট্রেটর	<input type="checkbox"/>		
প্রোগ্রামার	<input type="checkbox"/>	১৯ জুন ২০২৩	
হিসাবরক্ষণ কর্মকর্তা	<input type="checkbox"/>	০৫ আষাঢ় ১৪৩০	
অন্যান্য	<input type="checkbox"/>		

বিষয়ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নধীন “তথ্য আপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন (২য় পর্যায়)” ১ম সংশোধিত শীর্ষক প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১(এক) বছর (জুন ২০২৪ পর্যন্ত) বৃদ্ধির প্রশাসনিক আদেশ।

সূত্র: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এর স্মারক নং-২১.০০.০০০০.৫১১.১৪.০৬০.১৯.৩২৭, তারিখঃ ২২/০৫/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নধীন “তথ্য আপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন (২য় পর্যায়)” শীর্ষক ১ম সংশোধিত অনুমোদিত প্রকল্পটি মোট ৫৮৫৭৬.৬৪ লক্ষ (পাঁচশত পঁচাত্তর কোটি ছিয়াত্তর লক্ষ চৌষট্টি হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল ২০১৭ থেকে জুন ২০২৩ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নধীন আছে। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক সূত্র পত্রের নিম্নোক্ত শর্তে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ এপ্রিল ২০১৭ হতে জুন ২০২৩ এর পরিবর্তে এপ্রিল ২০১৭ হতে জুন ২০২৪ পর্যন্ত অর্থাৎ আরো ১ (এক) বছর বৃদ্ধি করা হলোঃ

- (ক) প্রকল্পের ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৮৫% এবং আর্থিক অগ্রগতি ৬৬.৬৪%। সাফল্যজনকভাবে প্রকল্পটি অবশিষ্ট মেয়াদে সমাপ্ত করতে হলে প্রকল্প পরিচালকের প্রদত্ত Time Bound Action Plan কঠোরভাবে অনুসরণ করতে হবে;
- (খ) প্রকল্পে ২,৪০,০৫,২৫০ টাকা বিপরীতে যে ০৩টি অডিট আপত্তি রয়েছে। পিপিআর-২০০৮ এর ধারা ৪৬(১) মোতাবেক ব্যায়িত অর্থের ক্রয়কারি কর্তৃক সম্পাদিত ক্রয় কার্যের ক্রয় প্রক্রিয়া উত্তর পুনঃরীক্ষণ সম্পন্ন করার বাধ্যবাধকতা রয়েছে। তাই জরুরীভিত্তিতে অডিট আপত্তিগুলি নিষ্পত্তি করতে হবে;
- (গ) কোনভাবেই প্রকল্পের মেয়াদ আর বৃদ্ধি করা যাবে না;
- (ঘ) প্রকল্পের অর্থায়নে ক্রয়কৃত কোন মালামাল/যন্ত্রপাতি অকেজো/নষ্ট হয়ে গেলে ওয়ারেন্টি প্রিরিয়ড বিবেচনায় ঠিকাদারের মাধ্যমে তা দ্রুত মেরামত/প্রতিস্থাপন করে নিতে হবে; এবং
- (ঙ) উপর্যুক্ত সুপারিশসমূহ আগামী ২১.০৬.২০২৩ তারিখের মধ্যে বাস্তবায়ন করে আইএমইডিকে অবহিত করতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২২/০৫/২০২৩  
(কিসমত জাহান ফেরদৌসি)  
উপসচিব (পরিকল্পনা-১)  
☎ ২২৩৩৫৪১৯৯

**প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ**

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সদস্য (সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই- বাংলা নগর, ঢাকা।
- ৪। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই- বাংলা নগর, ঢাকা।
- ৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই- বাংলা নগর,
- ৬। সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই- বাংলা নগর, ঢাকা।

- ৭। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
- ৮। যুগ্মসচিব (উন্নয়ন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। প্রকল্প পরিচালক, “তথ্য আপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্প, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
- ১০। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবপেইজে প্রকাশের অনুরোধ করা হল)।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

- ১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন, পরিঃ ও পরিসংখ্যান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (পরিচালনা ও পরিসংখ্যান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

